"কৃষিই সমৃদ্ধি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্পসারণ অধিদপ্তর
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৬৯৭

তারিখঃ- ২৫ অক্টোবর-২০২০খ্রি.

বিষয়ঃ কৃষক পর্যায়ে ইউরিয়া এবং নন-ইউরিয়া সার বিক্রয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী বিভিন্ন উপজেলায় বিসিআইসি'র সার ডিলারদের দোকান পরিদর্শন কালে দেখা যায় যে, মাসিক বরাদ্দকৃত ইউরিয়া এবং নন-ইউরিয়া সার উত্তোলন এবং খুচরা সার বিক্রেতার নিকট বিক্রয় ও কৃষক পর্যায়ে বিক্রয় কার্যক্রম সমূহ সুষ্ঠভাবে "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর আলোকে যথাযথভাবে অনুসরন পূর্বক নিয়মিত মনিটরিং করা হচ্ছে না। এ জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বিসিআইসি সার ডিলারগণকে পত্র প্রদান করে মনিটরিং জোরদার করার জন্য অনুরোধ করা হলো।

১। প্রতি মাসে বরাদ্দকৃত সকল রাসায়নিক সার উত্তোলনে সংশিষ্ট ডিলারদেরকে জোর তাগিদ প্রদান করবেন।

২। প্রতি মাসের রাসায়নিক সারের এ্যারাইভাল রিপোর্টি পৃথক পৃথক ভাবে সংরক্ষন করবেন যার সংক্ষিপ্ত প্রতিবেদন অত্র কার্যালয়ে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। তাছাড়া ডিলারওয়ারী সারের (পূর্ববর্তী দিনের) মজুদ প্রতিবেদন প্রতিদিন দুপুর ১০.০০ ঘটিকার মধ্যে টেলিফোনে/লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবশ্যিকভাবে প্রদানের ব্যবস্থা করবেন।

৩। প্রত্যেক বিসিআইসি'র সার ডিলারগণ তার আওতাধীন খুচরা সার বিক্রেতাদের নিকট সার বিক্রয়ের সময় অবশ্যই ক্যাশ মেমো প্রদান করতে হবে। সকল বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাগণ মজুদ রেজিষ্টার ও বিক্রয় রেজিষ্টার বিধি মোতাবেক লিপিবদ্ধ করে সংরক্ষন করবেন যাতে যথাযথ কর্তৃপক্ষ পরিদর্শনের সময় দেখতে পারেন।

৪। সকল বিসিআইসি'র সার ডিলার ও খুচরা সার বিক্রেতাগণ তাদের দোকানের দৃশ্যমান স্থানে সারের খুচরা বিক্রয় মূল্য (ইউরিয়া সার প্রতি কেজি - ১৬/-, টিএসপি সার প্রতি কেজি -২২/-, ডিএপি সার প্রতি কেজি -১৬/- এবং এমওপি সার প্রতি কেজি -১৫/-) সম্বলিত ডিজিটাল ব্যানার / লালসালু কাপড় আবশ্যিকভাবে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহন করতে নির্দেশনা প্রদান করবেন।

৫। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে বেশী মূল্যে সার বিক্রয় করলে সংশ্লিষ্ট ডিলারের বিরুদ্ধে মোবাইল কোর্টসহ যথাযথ ব্যবস্থা গ্রহন করে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করতে হবে।

৬। খুচরা সার বিক্রেতাকে ইউরিয়া ও নন-ইউরিয়া সার বরাদ্দের ক্ষেত্রে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি ও সদস্য-সচিব এর মতামতের ভিত্তিতে বিসিআইসি'র সার ডিলারগণ সংশ্লিষ্ট ইউনিয়নের ৯টি ওয়ার্ডে সার বরাদ্দ প্রদান করবেন।

৭। এক ইউনিয়নের সার অন্য ইউনিয়নের প্রকৃত কৃষকদের নিকট বিক্রয় করতে হলে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি ও সদস্য-সচিব এর অনুমোদন লাগবে।

৮। উপজেলা কৃষি কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ব্লকের উপ সহকারী কৃষি কর্মকর্তাগণকে তাঁর ব্লকের সার বিক্রয় তদারকি ও প্রতিদিনের বিক্রয় রেজিষ্টারে স্বাক্ষর করতে নির্দেশনা প্রদান করবেন।

২৫/১০/২০২০

(মোঃ মর্তুজ আলী)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১। উপজেলা কৃষি অফিসার
সদর/ পানছড়ি/ দীঘিনালা/ মহালছড়ি/ মাটিরাঙ্গা/ রামগড়/ মানিকছড়ি ও লক্ষীছড়ি উপজেলা।
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২৫/১০/২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি অঞ্চল, বনরুপা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। অফিস নথি।

D:\My Documents\Fertilizer Letter 2009.doc